শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

এপ্রিল-জুন ২০২৩ সংখ্যা

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা




## প্রকৌ. কাজী আবসার উদ্দীন আহমেদ মহোদয়ের এনডব্লিউপিজিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান

NORTH-WEST POWER GENERATION COMPANY LIMITED

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা
**এপ্রিল-জুন ২০২৩ সংখ্যা**


## উপদেষ্টামন্ডলী

**প্রকৌঃ মোঃ আব্দুস সামাদ**
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ হারুন অর রশীদ**
নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মামুনুর রহমান মন্ডল**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

## প্রকাশক

**কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল**

## সম্পাদক

বিমল চন্দ্র রায়
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

## সমন্বয়ক

**প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

## সহকারী সম্পাদক

**আখতার মাহমুদ**
উপ-ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল



**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
**ফোন:** ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
**ওয়েবসাইট:** www.nwpgcl.gov.bd
**ফেইসবুক পেইজ:**
https://www.facebook.com/NWPGCL/


## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিতভাবে বিভিন্ন প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ এবং বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা 'এনডব্লিউপিজিসিএল বার্তা' এর ২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান-২০১৬ অনুযায়ী ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে। এছাড়া, পরিবেশ সংরক্ষণের নিমিত্ত নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের গুরুত্ব বিবেচনায় ২০৪১ সালের মধ্যে নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার করে মোট উৎপাদনের ১০% বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা সরকারের রয়েছে। সরকারের এ সকল লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সাম্প্রতিককালে ইউরোপে চলমান যুদ্ধ বর্তমান বিশ্ব অর্থনীতির জন্য এক বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। যুদ্ধের প্রভাবে বৈশ্বিক বাজারে জ্বালানি সংকট বাংলাদেশকেও প্রভাবিত করেছে। তবে আশার সংবাদ হচ্ছে, জ্বালানি সংকট মোকাবেলায় বাংলাদেশ সরকার নানান বাস্তবমুখী উদ্যোগ নিয়েছে যা প্রশংসনীয়। সর্বাবস্থায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে কাজ করে চলছে। এ কারণে জ্বালানি সংকট সত্ত্বে নানামুখী পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত রেখেছে অত্র কোম্পানি। 'এনডব্লিউপিজিসিএল বার্তা' নিয়মিতভাবেই কোম্পানির কর্মকাণ্ড ও অগ্রগতির চিত্র জনগণের সামনে তুলে ধরবে। এনডব্লিউপিজিসিএল বার্তা এর ২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। সকলকে শুভেচ্ছা।

**সম্পাদক**
বিমল চন্দ্র রায়
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

## স্বাগত বক্তব্য




**প্রকৌ. কাজী আবসার উদ্দীন আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, এনডব্লিউপিজিসিএল**

আমি অত্যন্ত আনন্দিত যে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ২০২২-২৩ অর্থ বছরে 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর ৪র্থ সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন এবং সাফল্যের চিত্রও জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়েছে। 'এনডব্লিপিজিসিএল বার্তা'র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহণের মাধ্যমে উপকৃত হবেন। এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগনের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি। পাশাপাশি, এ প্রকাশনা থেকে স্বচ্ছতা ও জবাবদিহিতার প্রতি যে আমাদের দৃঢ় প্রত্যয় তা প্রকাশ পাবে। আমরা প্রতিনিয়ত এ প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠায় আমাদের প্রচেষ্টার বিষয়েও সাধারণ জনগণ এর থেকে জানতে পারবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

পরিশেষে, আমি 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি এবং এর সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

# সূচীপত্র

## কোম্পানি সংক্রান্ত তথ্য


কোম্পানি পরিচিতি ৬

এক নজরে কোম্পানির কার্যক্রম ৭

প্রকৌ. কাজী আবসার উদ্দীন আহমেদ মহোদয়ের এনডব্লিউপিজিসিএল এর

ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান ৮

প্রাক্তন প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের বিদায় সম্বর্ধনা ১০

সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ ও পরিচালনাপর্ষদের নবনির্বাচিত পরিচালকবৃন্দকে শুভেচ্ছাজ্ঞাপন ১২

কোম্পানির প্রাক্তন নির্বাহী পরিচালক (অর্থ) মহোদয়কে বিদায় সম্বর্ধনা ১৩

বীমা দাবি আদায়ে সাফল্যের জন্য পরিচালনা পর্ষদের পক্ষ থেকে কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদজ্ঞাপন ১৪


## পরিদর্শন সংবাদ


বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন ১৬

এনডব্লিউপিজিসিএল এর পরিচালনা পর্ষদের সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন ১৭

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের জাতির পিতার মাজারে শ্রদ্ধাঞ্জলী অর্পণ ১৮

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহ পরিদর্শন ১৯

সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রে কেপিআই সার্ভে কমিটির মিটিং ও ফিল্ড ভিজিট ২০


## সিএসআর কার্যক্রম


পায়রা বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক পুনর্বাসন কেন্দ্রের বাড়ির চাবি হস্তান্তর ২১

অফিসার্স ক্লাব, সিরাজগঞ্জ-এর অনুকূলে চেক হস্তান্তর ২২

মাহে রমজান ২০২৩ উপলক্ষ্যে দুঃস্থ ও অসহায়দের মাঝে ত্রাণ বিতরণ ২৩


## বিদ্যুৎ কেন্দ্র সংক্রান্ত তথ্য


খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র ২৪

মধুমতি বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন ও সংরক্ষণ কার্যক্রম ২৫


## অন্যান্য কর্পোরেট তথ্য


চেয়ারম্যান (গ্রেড ১), বিউবো’র নিকট ডিভিডেন্ট চেক হস্তান্তর ২৭

রেল দুর্ঘটনায় নিহত গাড়ি চালকের জন্য মিলাদ মাহফিল ২৮

# কোম্পানি পরিচিতি

দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে।

কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ০৯ (নয়) টি বিদ্যুৎ কেন্দ্রের নেট উৎপাদন ক্ষমতা ৩০৬৩.১৩ মেঃওঃ। অল্প সময়ে কোম্পানির এরূপ আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে।

বর্তমানে কোম্পানির বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের নেট উৎপাদন ক্ষমতা ৩৫০৬.৫৫ মেঃওঃ এবং ভবিষ্যত প্রকল্প সমূহের সম্ভাব্য নেট উৎপাদন ক্ষমতা ২৯৩০.৩২ মেঃওঃ। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে।

আশা করা যায়, ২০৩০ সালের মধ্যে কোম্পানি ৯,৫০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান, বিপিএএ, সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন প্রকৌশলী কাজী আবসার উদ্দীন আহমেদ। তাঁদের দৃঢ় ও গতিশীল নেতৃত্বে কোম্পানি এগিয়ে চলছে।

# এক নজরে কোম্পানির কার্যক্রম

## বিদ্যুৎ কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২<br>কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪ |
| ২ | খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২৩০ | সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩<br>কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬ |
| ৩ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১০ | সিম্পল সাইকেল: মে ২০১৭<br>কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭ |
| ৪ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | ফেব্রুয়ারী ২০১৮ |
| ৫ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | সিম্পল সাইকেল: আগস্ট ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯ |
| ৬ | মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র | এইচএফও | ১০৫ | এপ্রিল ২০১৯ |
| ৭ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | সিম্পল সাইকেল: অক্টোবর ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯ |
| ৮ | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | আমদানিকৃত কয়লা | ১২৪৪ | **১ম ইউনিটঃ** মে, ২০২০<br>২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০ |
| ৯ | সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | --- | ৬.১৩ | ৩০ মার্চ ২০২১ |
| | | **বর্তমানে মোট নেট উৎপাদন ক্ষমতা** | **৩০৬৩.১৩ মেঃওঃ** | |


## বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ

| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | সম্ভাব্য বাণিজ্যিক উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (২য় পর্যায়) (যৌথ মালিকানা) | আমদানিকৃত কয়লা | ১২৪৪ | ১ম ইউনিট: অক্টোবর ২০২৫<br>৪র্থ ইউনিট: এপ্রিল ২০২৬ |
| ২. | রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৮৮০ | ১ম ইউনিট: অক্টোবর ২০২৩<br>২য় ইউনিট: এপ্রিল ২০২৩ |
| ৩. | পাবনা ৬৪ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা) | -- | ৬৪.৫৫ | ডিসেম্বর, ২০২৩ |
| ৪. | সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা) | -- | ৬৮ | ডিসেম্বর, ২০২৩ |
| ৫. | পায়রা ৫০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | -- | ৫০ | ডিসেম্বর, ২০২৪ |
| ৬. | পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (১ম পর্যায়) | এলএনজি | ১২০০ | জুন, ২০২৬ |
| | | **মোট ক্ষমতা** | **৩৫০৬.৬৬ মেঃওঃ** | |

## ভবিষ্যৎ প্রকল্পসমূহ

| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিক উৎপাদনের সম্ভাব্য তারিখ |
|---|---|---|---|---|
| ১. | পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (২য় পর্যায়) | এলএনজি | ১২০০ | ডিসেম্বর, ২০২৮ |
| ২. | পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (৩য় পর্যায়) | এলএনজি | ১২০০ | ডিসেম্বর, ২০৩০ |
| ৩. | ভবিষ্যত নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (এনডব্লিউপিজিসিএল ও যৌথ মালিকানাধীন কোম্পানি) | সোলার/উইন্ড | ৫৩০.৩২ | পরিকল্পনাধীন |
| | | **মোট ক্ষমতা** | **২৯৩০.৩২** | |

## এনডব্লিউপিজিসিএল এর বছর ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা



# প্রকৌ. কাজী আবসার উদ্দীন আহমেদ মহোদয়ের এনডব্লিউপিজিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ কাজী আবসার উদ্দীন আহমেদ ৭ মে ২০২৩ ইং তারিখে চাকুরিতে যোগদান করেন এবং কোম্পানিকে উত্তরোত্তর সাফল্যের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন। যোগদানের পর বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এম,পি মহোদয়ের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। এছাড়া, তাঁকে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। যোগদানের পরপরই তিনি ধানমন্ডি ৩২ নাম্বারে অবস্থিত জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন।




মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এম,পি মহোদয়ের সাথে ব্যবস্থাপনা পরিচালক, এনডব্লিউপিজিসিএল এর শুভেচ্ছা বিনিময়




কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালককে ফুলেল শুভেচ্ছাজ্ঞাপন





ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের জাতির পিতার প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন

# প্রাক্তন প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের বিদায় সম্বর্ধনা






**পরিচালনা পর্ষদের পক্ষ থেকে বিদায় সম্বর্ধনা**

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম গত ০৬ মে ২০২৩ ইং তারিখে চাকুরি হতে অবসর গ্রহণ করেন। এ প্রেক্ষিতে তাঁকে কোম্পানির পরিচালনা পর্ষদের পক্ষ থেকে ও কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে বিদায় সম্বর্ধনা প্রদান করা হয় এবং শুভেচ্ছা স্মারক হিসেবে তাঁকে ফুল, ক্রেস্ট, চাকুরীকালীন পাওনার চেক ও উপহার প্রদান করা হয়।

কোম্পানির প্রতিষ্ঠালগ্ন থেকে প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম মহোদয়ের শ্রম, মেধা ও সৃজনশীলতায় পরিশীলিত হয়ে অত্র কোম্পানি বাংলাদেশের অন্যতম বৃহৎ বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠানে পরিণত হওয়ায় এবং তাঁর নেতৃত্বগুণে কোম্পানির কর্মকাণ্ডে গতিশীলতা বৃদ্ধি পাওয়াসহ কোম্পানির ভাবমূর্তি সমুজ্জ্বল হওয়ায় কোম্পানির পরিচালনা পর্ষদের পক্ষ থেকে তাঁর প্রতি ধন্যবাদজ্ঞাপন করা হয়।







**এনডব্লিউপিজিসিএল এর কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে বিদায় সম্বর্ধনা**

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম অবসর গ্রহণ কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে বিদায় সম্বর্ধনা প্রদান করা হয় এবং শুভেচ্ছা স্মারক হিসেবে তাঁকে ফুল, ক্রেস্ট ও উপহার প্রদান করা হয়। এছাড়া, তাঁর অবসরোত্তর পাওনাদির মধ্যে গ্র্যাচুইটির চেক ব্যবস্থাপনা পরিচালক, এনডব্লিউপিজিসিএল নিজ হাতে তুলে দেন।

# সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ ও পরিচালনাপর্ষদের নবনির্বাচিত পরিচালকবৃন্দকে শুভেচ্ছাজ্ঞাপন




নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) এর ৮ম বোর্ড সভায় পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ হাবিবুর রহমান, সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ পদে নিয়োগ লাভ করায় এনডব্লিউপিজিসিএল এর পরিচালনা পর্ষদের পক্ষ থেকে তাঁকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।



জনাব মাহমুদুল কবীর মুরাদ, সদস্য (প্রশাসন) বিউবো মহোদয়কে শুভেচ্ছাজ্ঞাপন



জনাব কাজী আবসার উদ্দীন আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, এনডব্লিউপিজিসিএল মহোদয়কে শুভেচ্ছাজ্ঞাপন

একই দিন পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালক হিসেবে অন্তর্ভুক্ত হওয়ায় জনাব মাহমুদুল কবীর মুরাদ, সদস্য (প্রশাসন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং জনাব কাজী আবসার উদ্দীন আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, এনডব্লিউপিজিসিএল মহোদয়বৃন্দকেও পরিচালনা পর্ষদের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছাজ্ঞাপন করা হয়।

# কোম্পানির প্রাক্তন নির্বাহী পরিচালক (অর্থ) মহোদয়কে বিদায় সম্বর্ধনা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর নির্বাহী পরিচালক (অর্থ), জনাব মোঃ মাসুদুল ইসলাম মহোদয় চাকুরি হতে স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন। এ প্রেক্ষিতে তাঁকে কোম্পানির পক্ষ থেকে বিদায় সম্বর্ধনা প্রদান করা হয় এবং শুভেচ্ছা স্মারক হিসেবে প্রাক্তন প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম মহোদয় তাঁর হাতে ফুল, ক্রেস্ট ও উপহার তুলে দেন।









# বীমা দাবি আদায়ে সাফল্যের জন্য পরিচালনা পর্ষদের পক্ষ থেকে কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদজ্ঞাপন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর আওতাধীন সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-০১)-এর ক্ষতিগ্রস্ত স্টিম টার্বাইন রোটরের জন্য দাখিলকৃত বীমা দাবির বিপরীতে সাধারণ বীমা কর্পোরেশন কর্তৃক প্রদেয় ১.৬৫ মিলিয়ন মার্কিন ডলার আদায়ের কারণে পরিচালনা পর্ষদের পক্ষ থেকে সন্তোষ প্রকাশ করা হয় এবং নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপনপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়:

১) জনাব মোঃ মাসুদুল ইসলাম, প্রাক্তন নির্বাহী পরিচালক (অর্থ), কর্পোরেট অফিস, এনডব্লিউপিজিসিএল

২) প্রকৌ. মোঃ আব্দুস সামাদ, নির্বাহী পরিচালক (প্রকৌশল), কর্পোরেট অফিস, এনডব্লিউপিজিসিএল

৩) জনাব এস. এম. হাবিবুর রহমান সিদ্দিক, মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), কর্পোরেট অফিস, এনডব্লিউপিজিসিএল

৪) প্রকৌ. শফিকুল ইসলাম, প্রধান প্রকৌশলী, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র, এনডব্লিউপিজিসিএল

৫) জনাব মাহমুদুন নবী, উপ-মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), কর্পোরেট অফিস, এনডব্লিউপিজিসিএল

৬) প্রকৌ. ব্রজেন্দ্র কুমার সরকার, প্লান্ট ম্যানেজার (তত্ত্বাবধায়ক প্রকৌশলী), সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট), এনডব্লিউপিজিসিএল

৭) প্রকৌ. রুহুল আমিন, উপবিভাগীয় প্রকৌশলী, সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট), এনডব্লিউপিজিসিএল

এ প্রেক্ষিতে, ২৯ মার্চ ২০২৩ তারিখে কোম্পানির তৎকালীন প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌ. এ. এম খোরশেদুল আলম উল্লিখিত কর্মকর্তাগণের হাতে ধন্যবাদ জ্ঞাপনপত্র তুলে দেন।



জনাব মোঃ মাসুদুল ইসলাম প্রাক্তন নির্বাহী পরিচালক (অর্থ) ধন্যবাদজ্ঞাপনপত্র গ্রহণ করছেন



প্রকৌ. মোঃ আব্দুস সামাদ, নির্বাহী পরিচালক (প্রকৌশল) ধন্যবাদজ্ঞাপন পত্র গ্রহণ করছেন




জনাব এস. এম. হাবিবুর রহমান সিদ্দিক, মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) ধন্যবাদজ্ঞাপন পত্র গ্রহণ করছেন



প্রকৌ. শফিকুল ইসলাম, প্রধান প্রকৌশলী, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র ধন্যবাদজ্ঞাপন পত্র গ্রহণ করছেন



জনাব মাহমুদুন নবী, উপ-মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) ধন্যবাদজ্ঞাপন পত্র গ্রহণ করছেন



প্রকৌ. ব্রজেন্দ্র কুমার সরকার, প্লান্ট ম্যানেজার (তত্ত্বাবধায়ক প্রকৌশলী), সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) ধন্যবাদজ্ঞাপন পত্র গ্রহণ করছেন



প্রকৌ. রুহুল আমিন, উপবিভাগীয় প্রকৌশলী, সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) ধন্যবাদজ্ঞাপন পত্র গ্রহণ করছেন

## বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয় গত ১০-০৬-২৩ ইং তারিখে ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনকালীন সময়ে উপস্থিত ছিলেন মাননীয় সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়; মাননীয় সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ; চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড; চেয়ারম্যান, স্রেডা।

অতিরিক্ত সচিব, উন্নয়ন; মহাপরিচালক, পাওয়ার সেল, ব্যবস্থাপনা পরিচালক, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সহ অন্যান্য আরো সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।



## এনডব্লিউপিজিসিএল এর পরিচালনা পর্ষদের সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর ২০২৩ সালের ৬ষ্ঠ বোর্ড সভা গত ০২-০৫-২০২৩ ইং তারিখ সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র, সয়দাবাদ, সিরাজগঞ্জ-এ অনুষ্ঠিত হয়। কোম্পানির পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালকমন্ডলীসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উক্ত সভায় স্বশরীরে অংশগ্রহণ করেন।

বোর্ডসভা শেষে বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করে সম্মানিত পরিচালনা পর্ষদ বিদ্যুৎ কেন্দ্রটির কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ করেন। উল্লেখ্য, সিরাজগঞ্জ, সয়দাবাদ-এ কোম্পানির নিম্নোক্ত বিদ্যুৎ কেন্দ্রসমূহ রয়েছে:

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | **সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২<br>কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪** |
| ২ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | **ফেব্রুয়ারী ২০১৮** |
| ৩ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | **সিম্পল সাইকেলঃ আগস্ট ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯** |
| ৪ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | **সিম্পল সাইকেল: অক্টোবর ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯** |
| ৫ | সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | --- | ৬ | **২৯ মার্চ ২০২১** |



## এনডব্লিউপিজিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের জাতির পিতার মাজারে শ্রদ্ধাঞ্জলী অর্পণ

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয় গত ২১ মে ২০২৩ তারিখে টুঙ্গিপাড়ায় অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মাজারে উপস্থিত হয়ে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। এ সময় তাঁর সাথে কোম্পানির উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।







**টুঙ্গিপাড়ায় জাতির পিতার মাজারে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের শ্রদ্ধাঞ্জলী অর্পণ**

## ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহ পরিদর্শন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ কাজী আবসার উদ্দীন আহমেদ ৭ মে ২০২৩ ইং তারিখে চাকুরিতে যোগদান করেন এবং যোগদানের পর তৎপরবর্তী সময়ে তিনি কোম্পানির আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহ পরিদর্শন করেন। বিদ্যুৎ কেন্দ্রসমূহ পরিদর্শনকালীন সময়ে বিদ্যুৎ কেন্দ্রসমূহের সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করেন এবং গুরুত্বপূর্ণ কিছু দিক-নির্দেশনা প্রদান করেন।



**সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র**



**খুলনা বিদ্যুৎ কেন্দ্র**




**ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্র**



**মধুমতি বিদ্যুৎ কেন্দ্র**

## সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রে কেপিআই সার্ভে কমিটির মিটিং ও ফিল্ড ভিজিট

গত ৩০-০৫-২০২৩ খ্রি. তারিখে সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রে কেপিআই সার্ভে কমিটির মিটিং ও ফিল্ড ভিজিট অনুষ্ঠিত হয়। কেপিআই সার্ভে কমিটির আহবায়ক জনাব নরেশ চাকমা, Addl. DIG, রাজশাহী রেঞ্জ-এর পক্ষে প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (Addl. SP) জনাব মোঃ রেজওয়ানুল ইসলাম, সিরাজগঞ্জ সার্কেল, সিরাজগঞ্জ; বাংলাদেশ সেনাবাহিনী থেকে ক্যাপ্টেন জনাব মাহমুদ, বগুড়া সেনানিবাস; জাতীয় গোয়েন্দা নিরাপত্তা (NSI) থেকে সহকারী পরিচালক জনাব মোঃ বিপ্লব হোসেন এবং জনাব রাইসুল ইসলাম, সিরাজগঞ্জ; সিরাজগঞ্জ সদর থানার অফিসার ইনচার্জ (OC) জনাব হুমায়ুন কবীর এবং বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী জনাব শফিকুল ইসলাম মহোদয়।

কমিটির সদস্যগণ বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা, পরিষ্কার-পরিছন্নতা, সৌন্দর্য-সবুজায়ন, অগ্নি নির্বাপণ ব্যবস্থা ও জাতীয় অর্থনীতিতে (লো-ভল্টেজ দুরীকরণ, লোড শেডিং কমানো, জীবনযাত্রার মান উন্নয়ন, শিল্পায়নে ভুমিকাসহ কর্মসংস্থান সৃষ্টিতে) অবদান রাখায় সন্তুষ্টি প্রকাশ করেন এবং নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণে তাদের প্রচেষ্টা অব্যাহত রাখার প্রতিশ্রুতি দেন।










## পায়রা বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক পুনর্বাসন কেন্দ্রের বাড়ির চাবি হস্তান্তর

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর তত্ত্বাবধানে পটুয়াখালীতে পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক ও আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ প্রকল্পে জমি অধিগ্রহণের কারণে ঘর-বাড়িসহ জমি হারানো ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের নিকট পায়রা বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক পুনর্বাসন কেন্দ্রের বাড়ির চাবি হস্তান্তর অনুষ্ঠান আয়োজিত হয় গত ৯ জুন ২০২৩ তারিখে।

উক্ত অনুষ্ঠানে কোম্পানির নির্বাহী পরিচালক (পিএন্ডডি), প্রকৌঃ মোঃ হারুন অর রশীদ এবং মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), জনাব মোঃ মামুনুর রহমান মন্ডল সহ অন্যান্য আরো সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।






# অফিসার্স ক্লাব, সিরাজগঞ্জ-এর অনুকূলে চেক হস্তান্তর




নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর সিএসআর (CSR) কার্যক্রমের আওতায় অফিসার্স ক্লাব, সিরাজগঞ্জ-এর অনুকূলে ইস্যুকৃত চেকটি সিরাজগঞ্জ জেলার জেলা প্রশাসক জনাব মীর মোহাম্মদ মাহবুবুর রহমান মহোদয়ের নিকট ০৯/০৫/২০২৩ ইং তারিখ সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী মহোদয় হস্তান্তর করেন। উক্ত চেক হস্তান্তর প্রোগ্রামে অত্র বিদ্যুৎ কেন্দ্রের প্ল্যান্ট ম্যানেজারবৃন্দও (ইউনিট-১,২,৩) উপস্থিত ছিলেন।

# মাহে রমজান ২০২৩ উপলক্ষ্যে দুঃস্থ ও অসহায়দের মাঝে ত্রাণ বিতরণ

বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি মানব সেবায়ও এনডব্লিউপিজিসিএল অগ্রগামী। এ প্রেক্ষিতে, পবিত্র মাহে রমজান ও ইদ-উল-ফিতর-২০২৩ উপলক্ষ্যে খুলনা, সিরাজগঞ্জ, ভেড়ামারা ও মধুমতিতে অবস্থিতি নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর বিদ্যুৎ কেন্দ্রসমূহের তত্ত্বাবধানে CSR কার্যক্রমের আওতায় প্রায় সহস্রাধিক দরিদ্র ও অসহায় পরিবারের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে। বিতরণ করা সামগ্রীর মধ্যে ছিল চাল, ডাল, আলু পেয়াজ, সয়াবিন তেল, লবণ, ছোলা, মুড়ি, গুঁড়া দুধ, সেমাই, চিনি।



**সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের তত্ত্বাবধানে ত্রাণ কার্যক্রম**



**খুলনা বিদ্যুৎ কেন্দ্রের তত্ত্বাবধানে ত্রাণ কার্যক্রম**



**ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্রের তত্ত্বাবধানে ত্রাণ কার্যক্রম**



**মধুমতি বিদ্যুৎ কেন্দ্রের তত্ত্বাবধানে ত্রাণ কার্যক্রম**


# খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ ও পরিচালন সংক্রান্ত কার্যক্রম



**ছবি-০১**-খুলনা ২২৫ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রের GT Gas Commissioning এর অংশ হিসেবে Gas Booster Compressor এর রক্ষণাবেক্ষণ করা হয়। GBC এর OEM, MAN Energy Solutions এর Mechanical Supervisor এবং যান্ত্রিক সংরক্ষণ বিভাগে যৌথভাবে GBC এর Suction Line Alignment এর কাজ সম্পাদন করে।



**ছবি-**০২ খুলনা ২২৫ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের সাবস্টেশনের ১৫০ মেগাওয়াট বে এর ৩টি কারেন্ট ট্রান্সফর্মার ও তিনটি পটেনশিয়াল ট্রান্সফর্মার পরিবর্তন করা হয়। ছবিতে একটি মোবাইল ক্রেনের সাহায্যে একটি পটেনশিয়াল ট্রান্সফর্মার যথাস্থানে বসানো হচ্ছে।



**ছবি-০৩**- খুলনা ২২৫ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের সাবস্টেশনের ১৫০ মেগাওয়াট বে এর ৩টি কারেন্ট ট্রান্সফর্মার ও তিনটি পটেনশিয়াল ট্রান্সফর্মার পরিবর্তন করা হয়। ছবিতে একটি মোবাইল ক্রেনের সাহায্যে একটি পটেনশিয়াল ট্রান্সফর্মার লিফট করানোর উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হচ্ছে।



**ছবি-০৪**-খুলনা ২২৫ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গ্যাস কমিশনিং চলাকালে বিদ্যুৎ কেন্দ্রের রেগুলেটিং এন্ড মিটারিং স্টেশনের অন্তর্গত মেকানিক্যাল চার্ট রেকর্ডার এর ডিফারেন্সিয়াল প্রেসার লাইনের যান্ত্রিক ত্রুটি মেরামত করা হয়।

# মধুমতি বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন ও সংরক্ষণ কার্যক্রম



বিদ্যুৎ কেন্দ্রের এর বার্ষিক Schedule Maintenance কার্যক্রম এর আওতায় সকল Main Transformer, Circuit Breaker, Current Transformer (PT), Potential Transformer (PT) ও Surge Arrester এর Bolt Tightness Checking ও Insulator Cleaning করা হয়।



বিদ্যুৎ কেন্দ্রের Alternator এর দিবার্ষিক Schedule Maintenance কার্যক্রম এর আওতায় Stator ও Rotor coil, Cooling system, Neutral Grounding Resistor (NGR) Panel এর visual inspection ও cleaning করা হয়। Air gap ও winding insulation resistance পরিমাপ করা হয়। Excitation system এর diode bridge, Automatic Voltage Regulator (AVR) unit, Permanent Magnet Generator (PMG) এর visual inspection ও cleaning করা হয়।



Isolator Contact Point Cleaning কার্যক্রম এর পূর্বে



Isolator Contact Point Cleaning কার্যক্রম এর পরে



Ventilation Fan Cleaning কার্যক্রম



Solar Panel Cleaning কার্যক্রম



Ventilation Fan Cleaning কার্যক্রম এর পূর্বে



Ventilation Fan Cleaning কার্যক্রম এর পরে

# চেয়ারম্যান (গ্রেড ১), বিউবো'র নিকট ডিভিডেন্ট চেক হস্তান্তর

২০২১-২২ অর্থ বছরে কোম্পানির পক্ষ থেকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে ৬০ (ষাট) কোটি টাকার প্রদেয় চেক গত ১০ মে ২০২৩ ইং তারিখে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌ. আবসার উদ্দীন আহমেদ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সম্মানিত চেয়ারম্যান (গ্রেড ১) প্রকৌ. মোঃ মাহবুবুর রহমান এর হাতে তুলে দেন।



# রেল দুর্ঘটনায় নিহত গাড়ি চালকের জন্য মিলাদ মাহফিল

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর কর্পোরেট অফিসে কর্মরত গাড়িচালক মোঃ দুলাল গত ০৭ জুন ২০২৩ তারিখে আনুমানিক দুপুর ১২.০০ ঘটিকায় দায়িত্বরত অবস্থায় এক মর্মান্তিক রেল দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তার বিদেহী আত্মার মাগফিরাত কামনায় ১২ জুন ২০২৩ তারিখে সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিদের অংশগ্রহণে কোম্পানির কর্পোরেট অফিসে মিলাদ মাহফিল আয়োজিত হয়।








এনডব্লিউপিজিসিএল বার্তায় এপ্রিল-জুন ২০২৩ তারিখের মধ্যে সংঘটিত কোম্পানির গুরুত্বপূর্ণ কার্যাবলীর সচিত্র তথ্যাবলী সকলের সদয় অবগতির জন্য প্রকাশ করা হলো। তথ্যের অবাধ প্রবাহ সুনিশ্চিত করতে ও কোম্পানির কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করতে এ ত্রৈমাসিক প্রকাশনা অনন্য ভূমিকা পালন করবে বলেই আমাদের বিশ্বাস। সকলের আগ্রহের প্রেক্ষিতে আমরা ভবিষ্যতেও 'এনডব্লিউপিজিসিএল বার্তা' প্রকাশ করব।

উল্লেখ্য, এখানে প্রকাশিত যাবতীয় তথ্যাদির মালিকানা নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ তথা বাংলাদেশ সরকারের। এখানে ব্যবহৃত তথ্যাদি/ছবি শুধুমাত্র সকলকে অবহিত করার জন্য প্রকাশিত হয়েছে। এর বাইরে এ সকল তথ্যাদি ও ছবি বিনাঅনুমতিতে ব্যবসায়িক কাজে ব্যবহারের নিমিত্ত কোনোরূপ মুদ্রণ বা প্রতিলিপি তৈরি করা যাবে না বা অন্য কোনো প্রকাশনায় ব্যবহার করা যাবে না।